## জোড়া ক্যাপ্টেন তত্ত্ব খারিজ বিসিসিআইয়ের ■ এখনই কোচ নন দ্রাবিড়

# বাতিল টেস্ট হওয়া নিয়ে আশায় সৌরভ

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৩ সেপ্টেম্বর :** ম্যাঞ্চেস্টার টেস্ট বাতিল হওয়া এখন ইতিহাস। বিরাট কোহলি, রোহিত শর্মারা মরুদেশে পৌঁছে কোয়ারান্টিনে ঢুকে পড়েছেন। আগামী রবিবার থেকে শুরু হয়ে যাবে আইপিএল পার্ট টু।

তার আগে ভারতীয় ক্রিকেট প্রশাসনে বিতর্ক থামার কোনও ইঙ্গিত নেই আপাতত। বরং আজ সকাল থেকে আচমকা ক্যাপ্টেন কোহলির আকাশে মেঘের আনাগোনা শুরু হয়েছিল। ভারতীয় ক্রিকেট মহল থেকে পাওয়া গিয়েছিল দুই রকমের তথ্য। এক, ১৪ নভেম্বর টি২০ বিশ্বকাপ শেষ হলেই সাদা বলের ক্রিকেটের নেতৃত্ব ছাড়বেন বিরাট। টেস্টে তিনি অধিনায়ক থাকলেও সাদা বলের ক্রিকেটে তাঁর বদলে রোহিত নেতা হবেন। দুই, সম্প্রতি বিসিসিআই শীর্ষকর্তাদের এমন ভাবনা ও পরিকল্পনার কথা জানিয়ে দিয়েছেন কোহলি নিজেই।

আইপিএল ও টি২০ বিশ্বকাপের ঠিক আগে কোহলিকে নিয়ে এমন জল্পনা 'ভাইরাল' হতে সময় লাগেনি। দুপুরের দিকে ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডের তরফে স্প্লিট ক্যাপ্টেন্সি ইস্যু খারিজ করে দেওয়া হয়েছে। বোর্ডের কোষাধ্যক্ষ অরুণ সিং ধুমল বলেছেন, 'পুরোপুরি ভিত্তিহীন খবর। নেহাতই গুজব, যা সংবাদমাধ্যমের তৈরি। বিরাট নেতৃত্ব ছাড়তে চেয়েছে, এমন কোনও খবর নেই। বোর্ডের সঙ্গে এই ব্যাপারে ওর কোনও কথাও হয়নি।'

বিসিসিআই কোষাধ্যক্ষের মন্তব্যের পরও ভারতীয় ক্রিকেটে অধিনায়ক বদল নিয়ে জল্পনা পুরো থামেনি। বরং কোনও কোনও মহল থেকে দাবি করা হচ্ছে, ইংল্যান্ডে ২০১৯ সালের বিশ্বকাপে নিউজিল্যান্ডের কাছে হারের পরও কোহলি-রোহিতের মধ্যে স্প্লিট ক্যাপ্টেন্সির প্রসঙ্গ সামনে এসেছিল। বর্তমান পরিস্থিতিতে কেউ কেউ বলছেন, অস্ট্রেলিয়ায় ২০২২ টি২০ বিশ্বকাপ ও ২০২৩ সালে ভারতের মাটিতে ওয়ান ডে বিশ্বকাপের লক্ষ্যে এখন থেকেই রোহিতকে সাদা বলের অধিনায়ক করা হোক।

তাৎপর্যপূর্ণভাবে, ২০১৯ সালে নিউজিল্যান্ডের বিরুদ্ধে সেমিফাইনাল ম্যাচ টিম ইন্ডিয়া খেলেছিল ম্যাঞ্চেস্টারের ওল্ড ট্র্যাফোর্ডের মাঠে। আর সেই ম্যাঞ্চেস্টারেই করোনা আতঙ্কে কোহলিরা ইংল্যান্ডের বিরুদ্ধে শেষ টেস্ট না খেলে সংযুক্ত আরব আমিরশাহি পৌঁছে গিয়েছেন আইপিএল খেলার জন্য।

ভারতীয় ক্রিকেটে নেতৃত্ব বিতর্ক শেষপর্যন্ত কোন পথে যাবে, সময় বলবে। তার আগে বাতিল হওয়া ম্যাঞ্চেস্টার টেস্ট নিয়ে আজ টিম ইন্ডিয়ার সদস্যদের পাশে দাঁড়িয়েছেন বিসিসিআই সভাপতি সৌরভ গঙ্গোপাধ্যায়। সর্বভারতীয় সংবাদমাধ্যমে মহারাজ আজ কয়েকটি বিষয় স্পষ্ট করেছেন। এক, দলের সহকারী ফিজিও যোগেশ পারমার করোনা আক্রান্ত হওয়ার পর ভারতীয় ক্রিকেটাররা ভয় পেয়ে গিয়েছিলেন। কারণ, এই ফিজিওর ক্লোজ কনট্যাক্টে দলের প্রায় সবাই ছিলেন। তাই ভারতীয় ক্রিকেটারদের দোষ দিতে রাজি নন তিনি। দুই, ম্যাঞ্চেস্টার টেস্ট পরে কোনও সময় হবে। তিন, আগামী ২০২২ সালে ইংল্যান্ড সফরে গিয়ে দুটি অতিরিক্ত টি২০ বা ওয়ান ডে খেলতে কোনও সমস্যা নেই বিসিসিআইয়ের। বোর্ড সভাপতির কথায়, 'বিসিসিআই বরাবরই টেস্ট ক্রিকেটকে গুরুত্ব দিয়েছে। আমাদের মনোভাব এখনও আগের অবস্থাতেই রয়েছে। কিন্তু তারপরও বলছি, ম্যাঞ্চেস্টারে খেলার মতো পরিস্থিতি ছিল না। সহকারী ফিজিওর করোনা হওয়ার পর ক্রিকেটাররা ভয় পেয়েছিল। ওদের দোষ দেওয়ার মানে হয় না। বাতিল ম্যাঞ্চেস্টার টেস্ট পরে কোনও সময় হবে।'

প্রাক্তন ইংল্যান্ড অধিনায়ক ডেভিড গাওয়ার আজ বিলেতের সংবাদমাধ্যমে বাতিল টেস্ট নিয়ে মুখ খুলেছেন। দলের ফিজিও করোনা আক্রান্ত হওয়ার পর অধিনায়ক কোহলি বিসিসিআইকে ই-মেল করেছিলেন বলে জানিয়েছেন তিনি। ওল্ড ট্র্যাফোর্ড টেস্ট বাতিল হওয়া নিয়ে কোনও অভিযোগ নেই গাওয়ারের। বোর্ড সভাপতি সৌরভও একই পথে হাঁটছেন। ইসিবি ইতিমধ্যেই আইসিসি'র হস্তক্ষেপ দাবি করেছে। ক্রিকেটের নিয়ামক সংস্থা এখনও কোনও সিদ্ধান্ত জানায়নি। তার আগে সৌরভ বলেছেন, 'সিরিজের শেষ ম্যাচ হিসেবে ম্যাঞ্চেস্টার টেস্ট পরে কোনও সময় হতেই পারে। আমি আশাবাদী, এমনই হবে। গত ১৮-১৯ মাস ধরে করোনার কারণে অনেক সমস্যায় পড়তে হয়েছে আমাদের। এমন অভাবনীয় পরিস্থিতিতে কারও কিছু করার থাকে না। তাছাড়া ২০০৭ সালের পর ফের বিলেতে সিরিজ জয়ের সুযোগ রয়েছে আমাদের সামনে।'

বিরাটদের হয়ে ব্যাট ধরার পাশে মহারাজ তাঁর প্রাক্তন সতীর্থ রাহুল দ্রাবিড়কে নিয়েও মুখ খুলেছেন আজ। মাসখানেক আগে শ্রীলঙ্কায় দ্বিতীয় সারির ভারতীয় দলের কোচ হয়ে যাওয়ার পর থেকে রবি শাস্ত্রীর উত্তরসূরি হিসেবে দ্রাবিড়ের নাম ভাসছে। বোর্ড সভাপতি সৌরভ আজ স্পষ্ট করেছেন, এখনই এমন কিছু হচ্ছে না। দ্রাবিড় নিজেই চান না সিনিয়ার দলের কোচ হতে। মহারাজের কথায়, 'যতদূর জানি, দ্রাবিড় এখনই পাকাপাকিভাবে সিনিয়ার দলের কোচের দায়িত্ব নিতে রাজি নয়। যদিও আমার সঙ্গে ওর কথা হয়নি এব্যাপারে।'



আইসোলেশনে স্ত্রীর সঙ্গে সেলফি জসপ্রীত বুমরাহর। সোমবার দুবাইয়ে।

## বিশ্বকাপে বাবরদের কোচ হেডেন

# প্রথমদিনই বিরোধের মুখে রামিজ রাজা

**লাহোর, ১৩ সেপ্টেম্বর :** পাকিস্তান ক্রিকেট বোর্ডের শীর্ষপদে বসে কাজ শুরু করে দিলেন রামিজ রাজা। প্রথমেই চমক। আসন্ন টি২০ বিশ্বকাপে টিম পাকিস্তানের প্রধান কোচ নিযুক্ত হলেন ম্যাথু হেডেন। ক্রিকেট কেরিয়ার বর্ণময় হলেও, কোচিংয়ে অভিজ্ঞতা নেই অজি তারকার। অবসরের পর মূলত ধারাভাষ্য ও অন্যান্য ক্রিকেট সংক্রান্ত কাজে যুক্ত রেখেছিলেন নিজেকে। বিশ্বকাপের মঞ্চেই সেই 'অনভিজ্ঞ' হেডেনের ওপর গুরুভার।

রামিজ রাজার অবশ্য দাবি, একাধিক বিশ্বকাপ জয়, হেডেনের দেড় দশকের বর্ণময় ক্রিকেট কেরিয়ার পাকিস্তানকে লক্ষ্যপূরণে সাহায্য করবে। কাপ-লক্ষ্যে হেডেনের সহকারীর দায়িত্বে দক্ষিণ আফ্রিকার প্রাক্তন ফাস্ট বোলার ভার্নন ফিলান্ডার। মিসবা-উল-হক, ওয়াকার ইউনিসের হঠাৎ পদত্যাগে শূন্যতা তৈরি হয়েছিল। হেডেনদের অন্তর্ভুক্তিতে বিশ্বকাপ-প্রস্তুতি নিয়ে তৈরি হওয়া চিন্তা, আশঙ্কা অনেকটাই কেটে গেল।

সোমবারই পাক বোর্ডের সর্বোচ্চ পদে দায়িত্ব পেয়েছেন রামিজ। স্বয়ং প্রধানমন্ত্রী ইমরান খানের সমর্থন থাকায় রামিজের বিরুদ্ধে কেউ দাঁড়াননি। বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। শীর্ষপদে বসেই নতুন জোড়া কোচের নাম ঘোষণা করে প্রাক্তন রামিজ বলেছেন, 'একাধিক বিশ্বকাপ জয়ের অভিজ্ঞতা রয়েছে ম্যাথু হেডেনের। ওর মতো একজন থাকলে দল লাভবান হবে। হেডেন নিজের অভিজ্ঞতা ভাগ করে নিতে পারবে বাবরদের সঙ্গে।'

রামিজের বিশ্বাস, বিশ্বকাপে চমক দেওয়ার ক্ষমতা রয়েছে পাকিস্তান দলের। হেডেন-ফিলান্ডাররা সেই স্বপ্নপূরণে কার্যকর ভূমিকা নেবেন। তাঁর কথায়, 'বিশ্বকাপ জেতার ক্ষমতা রয়েছে পাকিস্তানের। নিজেদের পারফরমেন্সের থেকে আরও ১০ শতাংশ বেশি দিতে হবে। ফিলান্ডারের অভিজ্ঞতাও কার্যকর ভূমিকা নেবে বলে আমার দৃঢ়বিশ্বাস। প্রতিপক্ষকে চাপে রাখার দুর্দান্ত ক্ষমতা ছিল ওর। অজিদের বিরুদ্ধে ওর সাফল্য সেকথা বলে।'

**চেয়ারম্যান হিসেবে প্রথম সাংবাদিক সম্মেলনে রামিজ পাশে চেয়েছিলেন ১৯৯২-এর বিশ্বকাপজয়ী পাকিস্তান দলের ক্রিকেটারদের। কিন্তু অনুপস্থিতির তালিকায় জাভেদ মিয়াঁদাদ সহ মুস্তাক আমেদ, ইজাজ আমেদ, আমির সোহেলরা।**

শুরুতেই রামিজের সামনে থাকছে একাধিক চ্যালেঞ্জ। ইমরানের সমর্থন সঙ্গে থাকলেও, তাঁর নিয়োগে বিরোধিতার সুর বেশ স্পষ্ট। পাকিস্তান ক্রিকেট বোর্ডের চেয়ারম্যান হিসেবে প্রথম সাংবাদিক সম্মেলনে রামিজ পাশে চেয়েছিলেন ১৯৯২-এর বিশ্বকাপজয়ী পাকিস্তান দলের ক্রিকেটারদের। মইন খান, ইনজামাম-উল-হক, আকিব জাভেদরা রামিজের আবেদনে সাড়া দিয়েছেন। কিন্তু অনুপস্থিতির তালিকায় কিংবদন্তি জাভেদ মিয়াঁদাদ সহ মুস্তাক আমেদ, ইজাজ আমেদ, আমির সোহেলের মতো নাম।

রামিজ অবশ্য বিতর্ক নয় সামনের দিকে তাকানোর কথাই জানিয়েছেন। পাকিস্তান ক্রিকেটকে নতুন শিখরে পৌঁছে দেওয়া, আরও শক্তিশালী করে তোলার কথা শুনিয়েছেন। বক্তব্যে উঠে এসেছে ভারত-পাকিস্তান ক্রিকেটও। যে প্রসঙ্গে ধীরে চলো নীতির পক্ষে প্রাক্তন পাক অধিনায়ক। ইঙ্গিতপূর্ণভাবে বলেছেন, এই মুহূর্তে কার্যত অসম্ভব। এর জন্য দায়ী রাজনীতি। পিসিবি তাড়াহুড়ো করবে না ভারত-পাক দ্বিপাক্ষিক সিরিজ ফেরাতে।

বিশ্বকাপে ইন্দো-পাক ম্যাচ নিয়ে অবশ্য পিসিবি-র নতুন চেয়ারম্যান বেশ উত্তেজিত। রামিজ বলেছেন, 'শো স্টপার। পাকিস্তান দলের সঙ্গে যখন দেখা করব, ওদের বলব এবারের বিশ্বকাপে হিসেবটা উলটে দিতে হবে। নিজেদের একশো শতাংশ চাইব ক্রিকেটারদের থেকে।'

কোর্টের পাশাপাশি ফ্যাশনেও কম যান না পিভি সিন্ধু। রবিবার। -ইনস্টাগ্রাম

## ম্যাঞ্চেস্টার বিতর্কে বিরাট-যুক্তি

# 'যে কোনও কিছু ঘটতে পারত'

জরুরি সাফল্যের জন্য। এদিন এবির 'ইনটেন্ট' ট্রেনিংস সেশনের ভিডিয়ো

**দুবাই, ১৩ সেপ্টেম্বর :** ব্রিটিশ রাজধানীকে গুডবাই জানিয়ে বুর্জ খালিফার শহরে।

কোয়ারান্টিন কাটিয়ে আইপিএল-মোডে ঢুকে পড়ার অপেক্ষা। তবে ইংল্যান্ড সিরিজের পরিণতিটা কিছুতেই মন থেকে ঝেড়ে ফেলতে পারছেন না বিরাট কোহলি। আরসিবির টিম হোটেলের নিভৃতবাস থেকে আক্ষেপটা জানিয়ে দিলেন ভারত অধিনায়ক।

ম্যাঞ্চেস্টার টেস্ট বাতিলে কোভিড পরিস্থিতিকেও দায়ী করলেন। বিরাটের যুক্তি, যে পরিস্থিতি ছিল, তাতে যে কোনও সময় যে কোনও কিছু ঘটতে পারত। ভারত অধিনায়কের আশা, আইপিএলে কঠোর বায়ো-বাবল পরিবেশ থাকবে। প্রত্যেকেই তা মেনে চলবে।

ফ্র্যাঞ্চাইজির ডিজিটাল মিডিয়া প্ল্যাটফর্মে কোহলি বলেছেন, 'যে কারণে আমাদের এখানে (আইপিএলে) আগেভাগে আসতে হয়েছে, তা দুর্ভাগ্যজনক। কিন্তু কোভিড পরিস্থিতিতে সবকিছুই নিয়েই অনিশ্চয়তা তৈরি হয়েছিল। যে কোনও সময় যে কোনও কিছু ঘটতে পারত। আশা করি, আইপিএলে কঠোর ও নিরাপদ বায়ো-বাবল পরিবেশ থাকবে। সবাই তা মেনে চলবে।'

আইপিএলের দ্বিতীয় পর্বের পর টি২০ বিশ্বকাপ। আগামী কয়েক মাসে গুরুত্বপূর্ণ জোড়া টুর্নামেন্ট। বিরাটের মুখে সেকথা, 'গুরুত্বপূর্ণ সময় আমাদের জন্য। রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোরের জন্যও গুরুত্বপূর্ণ এই আইপিএল। তারপর ভারতীয় দল নিয়ে টি২০ বিশ্বকাপে ঝাঁপানো।' আইপিএল-লক্ষ্যপূরণে দলে একাধিক নতুন মুখ। দুই শ্রীলঙ্কান ওয়ানিন্দু হাসারাঙ্গা, দুষ্মন্ত চামিরার সঙ্গে সিঙ্গাপুরের পাওয়ারহিটার টিম ডেভিড।

বিরাট মুখিয়ে রয়েছেন হাসারাঙ্গাদের নিয়ে বৈঠকে বসতে, 'দলের প্রত্যেকের সঙ্গে টাচে থাকি। বিকল্প নিয়ে গত কয়েক মাস ধরে আমরা আলোচনা করেছি। শেষপর্যন্ত দলের তারকা প্লেয়ারের উপযুক্ত পরিবর্ত পাওয়া গিয়েছে। প্রত্যেকেই অত্যন্ত দক্ষ। যাদের পাওয়া যাবে না, তাদের নিশ্চিতভাবে মিস করব। ওরাও পরিবারের অঙ্গ। তবে নতুন যারা এসেছে, তারাও এই পরিবেশের জন্য পারফেক্ট। ওদের সঙ্গে মুখোমুখি হওয়ার জন্য মুখিয়ে রয়েছি।'

## বয়সকে ফের তুড়ি মারতে চান এবি ডিভিলিয়ার্স

# ধোনির পরামর্শ মিস করেন জাদেজা

**দুবাই, ১৩ সেপ্টেম্বর :** ইংল্যান্ড সফর শেষ। এবার চ্যালেঞ্জ আইপিএলে। ভারতীয় দলের জার্সি সরিয়ে চেন্নাই সুপার কিংসের হলুদ জার্সিতে নয়া লক্ষ্যে নেমে পড়া। যেখানে আবারও পাশে দীর্ঘদিনের সতীর্থ, মেন্টর মহেন্দ্র সিং ধোনি। খুশিটা আড়ালও করছেন না সুপার কিংসের অন্যতম স্তম্ভ রবীন্দ্র জাদেজা।

রবিচন্দ্রন অশ্বীনকে সরিয়ে ইংল্যান্ড সফরে দলের এক নম্বর স্পিনারের দায়িত্ব পেয়েছেন। রঙিন ফর্ম্যাটে বিরাট কোহলি ব্রিগেডের নিয়মিত সদস্য। এতকিছুর পরও ভারতীয় দলে 'মেন্টর' মাহিকে মিস করেন অভিজ্ঞ স্পিন-অলরাউন্ডার। জাদেজার কথায়, কোনও ভুলচুক হলে এমএস ছুটে এসে তা ধরিয়ে দিত। কী করতে হবে, গাইড করত।

আজ এক সাক্ষাৎকারে জাদেজা বলেছেন, 'প্রায় ১২ বছরের বন্ডিং। মিস করি মাহিভাইকে। সবসময় আমাকে গাইড করত। বরাবর একটা কথা বলত, সুযোগ পেলে তা কাজে লাগাও। আর কঠিন সময়ে মাহিভাইয়ের ব্যাটিং টোটকা- ব্যাটসম্যানরাই নয়, চাপে থাকে বোলাররাও। সেটা মাথায় রাখলে কাজ অনেক সহজ হয়ে যায়। আমার ক্রিকেট জীবনে ওর প্রভাব অনস্বীকার্য।'

মহেন্দ্র সিং ধোনি চললেন প্র্যাকটিসে। রবিবার দুবাইয়ে।

দেশের হয়ে মাহির মতো ফিনিশারের দায়িত্ব পালন করতে চান। হয়ে উঠতে চান বিরাট ব্রিগেডের ফিনিশার। জাদেজার কথায়, 'ম্যাচ ফিনিশ করে যত বেশি সম্ভব ম্যাচ জেতাতে চাই দলকে। ক্রিজে গিয়ে সময় নিয়ে ইনিংস গড়তে শিখেছি। চেষ্টা করি ম্যাচটাকে শেষপর্যন্ত নিয়ে যেতে, ম্যাচ শেষের সুযোগ এলে তা কাজে লাগাতে।'

এবি ডিভিলিয়ার্স আবার নিজেকে যথাসম্ভব তাজা রাখছেন ফের আইপিএলে ঝড় তোলার জন্য। রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোর শিবিরের ম্যাচ ফিনিশারের কথায়, বয়স বাড়ছে। তাই ফ্রেশ থাকাটা জরুরি সাফল্যের জন্য। এদিন এবির 'ইনটেন্ট' ট্রেনিং সেশনের ভিডিও পোস্ট করেছে আরসিবি। সঙ্গে নেট সেশনের পর প্রোটিয়া তারকার প্রতিক্রিয়াও। যেখানে প্র্যাকটিস প্রসঙ্গে এবি বলেছেন, 'দারুণ একটা সেশন কাটালাম। দলের প্রত্যেকের সঙ্গে সময় কাটিয়ে ভালো লাগছে। উইকেট কিছুটা স্টিকি। কিছুটা কঠিন। গরমও রয়েছে। প্রচুর ঘাম হচ্ছে, যা ওজন কমাতে সাহায্য করবে। তবে আমার মতে 'ওল্ডম্যান'-এর যথাসম্ভব ফ্রেশ থাকাও জরুরি।'

## কুলদীপের বিস্ফোরণ

# সেরাটা দেওয়ার অপেক্ষায় মরগ্যান

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ১৩ সেপ্টেম্বর :** সাত ম্যাচ। জয় মাত্র দুই। হার পাঁচ। লিগ টেবিলে সপ্তম স্থানে রয়েছে কলকাতা নাইট রাইডার্স।

২০ সেপ্টেম্বর বিরাট কোহলির রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোরের বিরুদ্ধে আইপিএলের দ্বিতীয় পর্বে নয়া দৌড় শুরু করতে চান অধিনায়ক ইয়োন মরগ্যান। তার আগে নাইট অধিনায়কের গলায় শোনা গিয়েছে আক্ষেপের সুর। দেশের মাটিতে আইপিএল স্থগিত হওয়ার আগে অধিনায়ক হিসেবে সেরাটা দিতে পারেননি তিনি। প্রতিযোগিতার শেষ পর্বে এবার নিজেকে উজাড় করে দিতে চান তিনি। গত রাতে কেকেআরের শর্টফিল্ম সামনে এসেছে। সেখানেই অধিনায়ক মরগ্যানের গলায় শোনা গিয়েছে হতাশার সুর। তাঁর কথায়, 'অধিনায়ক হিসেবে অনেক কিছুই দেওয়ার ছিল। আইপিএলের প্রথম সাত ম্যাচে সেটা পারিনি। বাকি ম্যাচে সেই চেষ্টা করতেই হবে।'

কেকেআরের প্র্যাকটিসে খোশমেজাজে শুভমান গিল।

ক্যাপ্টেন মরগ্যানের মতোই তাঁর সতীর্থরাও মাঠে নামার জন্য মুখিয়ে রয়েছেন। নয়া শুরুর বার্তা দিয়ে দলের প্রাক্তন অধিনায়ক দীনেশ কার্তিক তাই বলেছেন, 'প্রথম পর্বে দল হিসেবে ধারাবাহিকতা দেখাতে পারিনি আমরা। যার প্রত্যক্ষ প্রভাব পড়েছে ম্যাচের ফলে। এবার সেই সমস্যা কাটিয়ে উঠতে হবে আমাদের।' দলের অন্যতম সেরা পেসার প্রসিধ কৃষ্ণার গলাতেও নতুন শুরুর আত্মবিশ্বাস। ম্যাঞ্চেস্টারে ভারত বনাম ইংল্যান্ড টেস্ট বাতিল হওয়ার পর গতকাল আবু ধাবিতে পৌঁছেছেন প্রসিধ। ঢুকে পড়েছেন কোয়ারান্টিনেও। সেখান থেকেই কেকেআরের সোশ্যাল দুনিয়ায় প্রতিভাবান পেসার বলেছেন, 'কেকেআর শিবিরে ফিরে এসেছি। মাঠে নামার জন্য তর সইছে না। কিন্তু আরও কয়েকদিন মাঠে ফেরার জন্য অপেক্ষা করতেই হবে। মাঠে সেরাটা দিয়ে দলের জন্য সাফল্য আনতে হবে আমাদের।'

এদিকে, নাইটদের নয়া দৌড় শুরুর আগে আজ দলকে অস্বস্তিতে ফেলে দিয়েছেন কুলদীপ যাদব। প্রাক্তন ক্রিকেটার আকাশ চোপড়ার ইউটিউব চ্যানেলে হাজির হয়ে টিম ইন্ডিয়া ও কেকেআর টিম ম্যানেজমেন্টের সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন তুলে দিয়েছেন। চায়নাম্যানের কথায়, 'ভারতীয় দলে জায়গা না পেলে কথা বলা হয়। কিন্তু ফ্র্যাঞ্চাইজি ক্রিকেটে সেটা হয় না। এমনকি আমার কাছে দল কী চাইছে, সেটাও স্পষ্ট করা হয় না। আসলে ভারত ও কেকেআর, দুই শিবিরেই কমিউনিকেশন খুব দুর্বল।' চায়নাম্যানের এমন মন্তব্যের পালটা হিসেবে কেকেআরের তরফে প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

# প্লে-অফে খেলবেন না মরগ্যানরা

**লন্ডন, ১৩ সেপ্টেম্বর :** কারও মতে, গুগলি। কারও মতে, চাপে রাখা।

ওল্ড ট্র্যাফোর্ড টেস্ট বাতিলের পর দুই দিন কেটে গেলেও ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি) এখনও মানতে পারেনি ব্যাপারটা। তাই নানাভাবে ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ডকে খোঁচা দিয়ে চলেছে। যার বড় প্রমাণ হিসেবে আজ সামনে এসেছে বিলেতের ক্রিকেট বোর্ডের নয়া নির্দেশিকা। বলা হয়েছে, আইপিএলের বিভিন্ন ফ্র্যাঞ্চাইজি দলে থাকা ইংল্যান্ড ক্রিকেটারদের প্রাক বিশ্বকাপ প্রস্তুতির জন্য পাকিস্তানের বিরুদ্ধে দুই ম্যাচের টি২০ সিরিজ খেলতেই হবে। ফলে ইয়োন মরগ্যান, মইন আলি, স্যাম কুরান, ক্রিস জর্ডন, ক্রিস ওকসদের আইপিএল প্লে-অফে খেলার সম্ভাবনা শেষ।

এটাই আমার জায়গা। প্র্যাকটিসে যাওয়ার ছবি পোস্ট করে সোশ্যাল মিডিয়ায় লিখলেন দীনেশ কার্তিক। মরগ্যান না থাকলে কি তাঁর কাঁধেই বর্তাবে অধিনায়কের দায়িত্ব?

ইসিবি-র ফতোয়া নিয়ে রাতের দিকে কলকাতা নাইট রাইডার্সের এক কর্তা বলেছেন, 'অধিনায়ককে ছাড়াই প্লে-অফ খেলতে হবে, এমন আবার হয় নাকি।' অক্টোবরের ৯ ও ১০ তারিখে পাকিস্তানে গিয়ে দুই ম্যাচের টি২০ সিরিজ খেলার সিদ্ধান্ত নিয়েছে ইসিবি। এই সিরিজকে দেখা হচ্ছে বিশ্বকাপের প্রস্তুতি হিসেবে। আর সেই সময়ই চলবে আইপিএল প্লে-অফ। ফলে মরগ্যানদের ছাড়াই খেলতে হবে কেকেআর সহ বাকি ফ্র্যাঞ্চাইজিদের। এদিকে, বিরাট কোহলির টিম ইন্ডিয়ার বিরুদ্ধে সিরিজে ভালো পারফর্ম করে আইসিসির বিচারে অগাস্ট মাসের সেরা ক্রিকেটার নির্বাচিত হলেন জো রুট। চার টেস্টে তিনি মোট ৪৬৪ রান করেছিলেন।

# একদিনে জোড়া গোল্ডেন স্ল্যাম!

**নিউ ইয়র্ক, ১৩ সেপ্টেম্বর :** রবিবার পর্যন্ত হুইলচেয়ার টেনিসে কেউ গোল্ডেন স্ল্যাম জিততে পারেননি। সোমবার একবারে দুইজন সেই রেকর্ড গড়লেন। ছেলে ও মেয়েদের বিভাগে সোমবার ইউএস ওপেন জিতলেন অস্ট্রেলিয়ার ডায়লান অ্যালকট ও নেদারল্যান্ডসের দিদে দি গ্রুট। অস্ট্রেলিয়ান ওপেন, ফ্রেঞ্চ ওপেন, উইম্বলডন জয়ের পর গত মাসে প্যারালিম্পিকে সোনা পেয়েছিলেন তাঁরা। এদিন ইউএস ওপেন জিতে গোল্ডেন স্ল্যামের বৃত্ত সম্পূর্ণ করলেন দুজন। অ্যালকট এতটাই আপ্লুত ছিলেন যে, ট্রফিতে বিয়ার ঢেলে তাতে চুমুক দিয়ে সেলিব্রেশন করেছেন তিনি।

# 'বিশ্বসেরা' বুমরাহকে কুর্নিশ কপিলের

**নয়াদিল্লি, ১৩ সেপ্টেম্বর :** বর্তমানে বিশ্বের সেরা বোলার।

জসপ্রীত বুমরাহর প্রশংসকের তালিকায় এবার কপিল দেবও। শর্ট রানআপ, অদ্ভুতুড়ে বোলিং অ্যাকশন দেখে বিশ্বজয়ী অধিনায়ক বুঝতে পারেননি ছেলেটা এতদূর যাবে। সেই বুমরাহ অবাক করে চলেছে। ভেঙেছে তাঁরই ৪১ বছর পুরোনো রেকর্ড। ইংল্যান্ড সফরে ভারতীয় বোলার হিসেবে দ্রুততম ১০০ উইকেটের নজির গড়েছেন।

উত্তরসূরির যে সাফল্যকে প্রশংসায় ভরিয়ে দেন কপিল। বুমরাহয় মুগ্ধ কিংবদন্তি অলরাউন্ডার বলেছেন, 'বুমরাহর সাফল্যকে আমি কুর্নিশ জানাতে চাই। এই ধরনের উইকেটে কীভাবে উইকেট নিতে হয় ও জানে। ওর বোলিং অ্যাকশন যেরকম তাতে কাজটা আরও কঠিন। তারপরও ভারতের হয়ে আন্তর্জাতিক ক্রিকেটে বিশাল প্রভাব ফেলছে বুমরাহ। প্রশংসা ওর প্রাপ্য।'

বুমরাহর প্রশংসায় এখানেই থামতে নারাজ সর্বাধিক টেস্ট উইকেটের প্রাক্তন মালিক। কপিলের দাবি, 'আন্তর্জাতিক ক্রিকেটে যখন ওর অভিষেক হয়, নিশ্চিত ছিলাম না আদৌ ও টেস্ট খেলতে পারবে কিনা। ওডিআই ও টি২০ ক্রিকেটে আগেই নিজের দক্ষতার প্রমাণ রেখেছিল। টেস্ট ফরম্যাটে বুমরাহ সবাইকে কার্যত চমকে দিয়েছে। ওয়েস্ট ইন্ডিজ, অস্ট্রেলিয়া হোক বা ইংল্যান্ড-সব জায়গায় ও সফল। নিশ্চিতভাবেই এই মুহূর্তে বিশ্বের সেরা বোলারের নাম বুমরাহ।'

২০১৮ সালে টেস্ট অভিষেক ঘটে বুমরাহর। এক বছর কাটতে না কাটতেই ভারতের দ্রুততম ৫০ উইকেটের নজির পকেটে পুরে ফেলেন। ইরফান পাঠান, হরভজন সিংয়ের পর তৃতীয় ভারতীয় হিসেবে টেস্টে হ্যাটট্রিকও করেছেন। এবার মুকুটে দ্রুততম সেঞ্চুরি উইকেট। কপিল দেব ২৫টি টেস্টে একশো উইকেট নিয়েছিলেন। বুমরাহর সেখানে লাগল এক টেস্ট কম।